**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রশাসনিক কাজকর্ম ডিজিট্যাল করার ক্ষেত্রে ত্রিপুরা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সুস্থায়ী জীবনধারা গ্রহনের উপর জোর দিয়েছেন।**

**(৩) সাংসদ বিপ্লব কুমার দেব আজ উদয়পুরে এক দেশ, এক নির্বাচন শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিকেলে ধর্মনগরে রাজ্যভিত্তিক যাত্রা উৎসবের উদ্বোধন করেন।**

**************************************

**CM-DHARMANAGAR :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য মন্ত্রিসভা থেকে শুরু করে ত্রিস্তর পঞ্চায়েত পর্যন্ত প্রশাসনিক কাজকর্ম ডিজিট্যালে করার ক্ষেত্রে সারা দেশের মধ্যে ত্রিপুরা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। আজ উত্তরজেলার ধর্মনগরে বেশ কিছু সরকারী প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিস্তর পঞ্চায়েতের উন্নতি না হলে দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দিশায় পঞ্চায়েতে উন্নয়নের জন্য রাজ্য সরকার কাজ করছে। রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েতে সাফল্যের জন্য সাম্প্রতিককালে সাতটি জাতীয় পুরস্কার অর্জনের কথাও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

########Byte-CM########

*******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জলবায়ু পরিবর্তনকে আজকের সবচেয়ে বড় সংকট হিসেবে বর্ণনা করে বলেছেন, এর সমাধান নিহিত রয়েছে সুস্থায়ী জীবনধারায়, যা জৈন সম্প্রদায় শতাব্দী ধরে অনুশীলন করে আসছে। আজ নতুনদিল্লিতে নবকার মহামন্ত্র দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে শ্রী মোদী একথা বলেন। তিনি মন্তব্য করেন যে জৈন সম্প্রদায় শতাব্দী ধরে সরলতা, সংযম এবং স্থায়িত্বের নীতি অনুসরণ করে আসছে। ভারতের প্রতি বিশ্বের আস্থা আরও গভীর হচ্ছে, ভারতের প্রচেষ্টা এবং ফলাফল অনুপ্রেরণার উৎস হয়ে উঠছে, এই বিষয়টি তুলে ধরে শ্রী মোদী উল্লেখ করেন যে বিশ্বব্যাপী প্রতিষ্ঠানগুলি এখন ভারতের দিকে তাকিয়ে আছে।

প্রধানমন্ত্রী স্থানীয় পণ্যের প্রচারের আহ্বান জানিয়ে বলেন, ভারতে তৈরি পণ্য আরও বেশি করে কেনা উচিত। নবকার মহামন্ত্রের দর্শন উন্নত ভারতের দৃষ্টিভঙ্গির সঙ্গে জড়িত উল্লেখ ধরে তিনি জনগণকে নয়টি সংকল্প গ্রহণের আহ্বান জানান। এগুলো হল - জল সংরক্ষণের সংকল্প, মায়ের নামে একটি গাছ রোপন, পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান, স্থানীয় পণ্যের প্রচার দেশীয় পর্যটনের জন্য সোচ্চার হওয়া, প্রাকৃতিক চাষাবাদ, স্বাস্থ্যকর জীবনধারা গ্রহণ, যোগব্যায়াম, খেলাধুলাকে জীবনে অন্তর্ভুক্ত করা এবং সবশেষে দরিদ্রদের সাহায্য করার সংকল্প।

প্রধানমন্ত্রী আরও বলেন যে নতুন ভারত কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে সুযোগ সৃষ্টি করবে এবং বিশ্ব আধ্যাত্মিকতার পথ দেখাবে।বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গি সম্পর্কে বলতে গিয়ে শ্রী মোদী বলেন যে উন্নত ভারত মানে উন্নয়নের পাশাপাশি ঐতিহ্যও।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ১০৮টিরও বেশি দেশের মানুষের সঙ্গে আধ্যাত্মিক প্রার্থনা, নবকার মহামন্ত্র উচ্চারণ করেন। এর তাৎপর্য তুলে ধরে শ্রী মোদী বলেন যে এটি কেবল একটি মন্ত্র নয় বরং বিশ্বাসের কেন্দ্র।

##########Byte-PM##########

***********************************

**One Nation One Election :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ উদয়পুরে এক দেশ, এক নির্বাচন শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন। উদয়পুর রাজর্ষি কলাক্ষেত্রে আয়োজিত এই আলোচনা সভায় তিনি ওয়াকফ সংশোধনী আইনের সমর্থনে বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন বিধায়ক জীতেন মজুমদার, গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, বিজেপি প্রদেশ সহ সভানেত্রী পাপিয়া দত্ত প্রমুখ।

*****************************

**School Building Inauguration :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের সেন্ট জেভিয়ার্স স্কুলের নবনির্মিত পাকাভবনের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিশপ লুমেন মন্টিও, ফাদার ই.পি.ম্যাথু প্রমুখ।

****************************

**Jitendra Choudhury :**

দশরথ দেব স্মৃতিভবনে উপজাতি যুব ফেডারেশনের উদ্যোগে আজ আয়োজিত বিশেষ বর্ধিত অধিবেশনে উপস্থিত ছিলেন পলিটব্যুরোর সদস্য তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। তিনি বলেন, রাজ্যে বর্তমানে যুব সমাজের একটি অংশ নেশা সহ বিভিন্ন অপরাধের দিকে ঝুঁকছে। এই সমস্ত যুবকদের সঠিক পথে ফিরিয়ে আনতে আগামী দিনে যুব নেতৃত্বকে দায়িত্ব নিতে হবে। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক, সিপিআইএম নেতা নরেশ জমাতিয়া প্রমুখ।

***********************

**JJM :**

বিলোনীয়াতেও পাইপলাইনের মাধ্যমে বাড়ি বাড়ি পানীয়জল সরবরাহের কাজ চলছে। জল জীবন মিশন-২.০ এর আওতায় গত অর্থবছরে ভারতচন্দ্রনগর ব্লক এলাকায় মোট ৩৮৯টি বাড়িতে জলের সংযোগ দেওয়া হয়েছে। ব্লক এলাকায় ৮৪.৬২ শতাংশ বাড়ি পানীয়জল সংযোগের আওতায় এসেছে। বাকীগুলিতে ক্রমান্বয়ে সংযোগ প্রদান করা হবে। বিলোনীয়াস্থিত পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**CM-Yatra :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিকেলে ধর্মনগরে বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত রাজ্যভিত্তিক যাত্রা উৎসবের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, ক্রীড়া মন্ত্রী টিংকু রায়। রাজ্যভিত্তিক যাত্রা উৎসব চলবে

২৩শে এপ্রিল পর্যন্ত। প্রতিদিন সন্ধ্যা ছয়টা থেকে শুরু হবে যাত্রাপালা। এই যাত্রা উৎসবে মোট ১৩টি দল অংশগ্রহণ করবে।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

**************************

**POSHAN PAKHWADA :**

নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক পুষ্টি সচেতনতা বৃদ্ধি, স্বাস্থ্যগত ফলাফল উন্নত করা এবং সম্প্রদায়ের ক্ষমতায়নের জন্য পোষণ পক্ষ ২০২৫ উদযাপন করছে। এই উদ্যোগটি মিশন পোষণ দ্বিতীয় পর্বের অংশ।

মন্ত্রক জানিয়েছে যে, চলমান পোষণ পক্ষ ২০২৫-এর অন্যতম মূল বিষয়বস্তু হল জীবনের প্রথম এক হাজার দিনের উপর জোর দেওয়া, যা গর্ভধারণ থেকে দুই বছর বয়স পর্যন্ত পুষ্টির গুরুত্বের উপর জোর দেয়। এই গুরুত্বপূর্ণ সময়কাল আজীবন স্বাস্থ্য এবং বিকাশের ভিত্তি স্থাপন করে। অপুষ্টি মোকাবেলায় সরকারের প্রতিশ্রুতির অংশ হিসেবে মন্ত্রক ৮ই এপ্রিল থেকে ২২শে এপ্রিল পর্যন্ত পোষণ পক্ষের ৭ম পর্ব উদযাপন করছে।

****************************

**Bikash Debbarma :**

বিজেপি দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ কৃষ্ণপুর বিজেপি মন্ডলের উদ্যোগে চাকমাঘাট কমিউনিটি হলে এক সাংগঠনিক সভার আয়োজন করা হয়। সভায় প্রধান বক্তা জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, বিজেপি বরাবরই জনস্বার্থকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। দলের একমাত্র লক্ষ্য হলো সাধারণ মানুষের উন্নয়ন।

*****************************

**DM West :**

পশ্চিম জেলার জেলা শাসক ডঃ বিশাল কুমার আজ বামুটিয়া ব্লকের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ পরিদর্শন করেছেন। তিনি পশ্চিম গান্ধীগ্রাম ও ভাগলপুর পঞ্চায়েতের রাস্তাঘাট, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, উপস্বাস্থ্য কেন্দ্র সহ বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন করেন। প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস ভাগলপুর দরগার জলাশয়ের সৌন্দর্য বৃদ্ধির প্রস্তাব রাখেন। জেলা শাসক জানান, এলাকাটি কৃষি নির্ভর। কৃষকদের সুবিধার জন্য আরও কি কি করা উদ্যোগ গ্রহণ করা যায় তা বিবেচনা করে দেখা হবে। জেলা শাসকের সঙ্গে ছিলেন বামুটিয়া ব্লকের বিডিও অমিতাভ ভট্টাচার্য।

******************************

**BJP :**

বিজেপির ৪৬তম প্রতিষ্ঠা বর্ষ উপলক্ষে আজ রামনগরে বিশেষ চৌপাল বৈঠক হয়েছে। এই বৈঠকে প্রধান অতিথির ভাষণে দলের রাজ্য প্রভারি ডঃ রাজদীপ রায় বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'সবকা সাথ, সবকা বিকাশ' নীতির মাধ্যমে প্রমাণ করেছেন যে বিজেপি সার্বজনীন উন্নয়নের দল। তিনি বলেন, বিজেপি শুধুমাত্র একটি রাজনৈতিক দল নয়, এটি একটি জনসেবামূলক আন্দোলন। বৈঠকে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিজেপি বিধায়ক দীপক মজুমদার, প্রদেশ বিজেপির সাধারণ সম্পাদক ডাঃ বিপিন দেববর্মা, সদর শহর জেলার সভাপতি অসীম ভট্টাচার্য প্রমুখ।

****************************

**Deed writer oath taking :**

আগরতলা আদালত চত্বরে আজ আগরতলা ডিড রাইটার্স অ্যাসোসিয়েশনের সভাপতি সহ এগারজন সদস্যের শপথ গ্রহন অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। শপথ বাক্য পাঠ করান ডিড রাইটারসদের নির্বাচনে দায়িত্বে থাকা রিটার্নিং অফিসার সঞ্জীব কুমার দেব। সভাপতি প্রদীপ কুমার পাল, সহ-সভাপতি অমলেন্দু দত্ত, সম্পাদক হিসেবে সঞ্জীত সরকার শপথ নিয়েছেন।

*************************

**BJP-Belonia :**

বিজেপি-র ৪৬তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বিলোনিয়া মন্ডলের উদ্যোগে আজ বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সাংসদ বিপ্লব কুমার দেব, দলের দক্ষিন জেলার সভাপতি দীপায়ন চৌধুরী, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, মন্ডল সভাপতি সায়ন্তন দত্ত প্রমুখ।

*************************

**First Division :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে ওল্ড প্লে সেন্টার ২৭ রানে মৌচাক ক্লাবকে, মেলাঘরের মাঠে ইউনাইটেড বি এস টি ২৭৮ রানে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে কসমোপলিটন ক্লাব ৫ উইকেটে পোলস্টার ক্লাবকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর এবং উনকোটি জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। বাকি অন্যান্য জেলায়ও বজ্রবিদ্যুৎ

সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রি সেলসিয়াস।

***************************